

(চ) ক্যাটাগরী (৬) : মাছ ব্যতীত অন্যান্য জলজপ্রাণী, উভচর প্রাণী, কচ্ছপ ও কাঁকড়া জাতীয় (Crustacean), শামুক বা ঝিনুক জাতীয় (Mollusc) জলজ প্রাণী, একাইনোডার্মিস জাতীয় সামুদ্রিক প্রাণী, ব্যাঙ (Frogs) এবং এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক, সরকারি গেজেট প্রজ্ঞাপন দ্বারা ঘোষিত অন্য কোন জলজ প্রাণীর হ্যাচারির জন্য উপ-বিধি (১) এ উল্লিখিত সাধারণ শর্তাবলীর অতিরিক্ত শর্তাবলী হইবে নিম্নরূপ, যথা :-

- (১) ব্রুড প্রতিপালনের জন্য উপযুক্ত জলাধার থাকিতে হইবে;
- (২) উপযুক্ত পরিপক্কন জলাধার (Maturation tank) থাকিতে হইবে;
- (৩) প্রজননের জন্য উপযুক্ত জলাধার থাকিতে হইবে;
- (৪) উপযুক্ত লালন-পালন ট্যাংক থাকিতে হইবে।

৫। আবেদন ফি, নিবন্ধন ফি ও নবায়ন ফি।—এই বিধিমালার অধীন মৎস্য হ্যাচারি পরিচালনার জন্য আবেদন ফি, নিবন্ধন ফি ও নবায়ন ফি বিভিন্ন ক্যাটাগরি অনুযায়ী নিম্নবর্ণিত খাতে প্রদেয় হইবে, যথা :-

ক্রঃ নং	হ্যাচারি ক্যাটাগরি	ফি (টাকা)		
		আবেদন ফি (টাকা)	নিবন্ধন ফি (টাকা)	নবায়ন ফি (টাকা)
১	২	৩	৪	৫
(১)	ক্যাটাগরি (১) : কার্প মাছের রেণু উৎপাদন হ্যাচারি	১০০	২০০০	১০০০
(২)	ক্যাটাগরি (২) : গলদা ও বাগদা চিংড়ি পিএল উৎপাদন হ্যাচারি	১০০	৫০০০	৩০০০
(৩)	ক্যাটাগরি (৩) : দেশীয় অন্যান্য মাছের হ্যাচারি (Perch, ক্যাটফিস, স্নেকহেড (Snake head))	১০০	২০০০	১০০০
(৪)	ক্যাটাগরি (৪) : মনোসেঞ্জ তেলাপিয়ার হ্যাচারি	১০০	২০০০	১০০০
(৫)	ক্যাটাগরি (৫) : বাহারী মাছের হ্যাচারি	১০০	১০০০	৫০০
(৬)	ক্যাটাগরি (৬) : মাছ ব্যতীত অন্যান্য জলজ প্রাণির হ্যাচারি	১০০	২০০০	১০০০